



## শ্রমিক সহায়তা কেন্দ্র (ডব্লিউআরসি)

ওয়ার্কস রিসোর্স সেন্টার বা শ্রমিক সহায়তা কেন্দ্র (ডব্লিউআরসি) নামক প্রতিষ্ঠানটি গঠিত হয়েছে দুটি নেতৃত্বস্থানীয় শ্রমিক সংগঠন - ন্যাশনাল কোঅর্ডিনেশন কমিটি ফর ওয়ার্কস এডুকেশন (এনসিসিডব্লিউই) এবং ইন্ডাস্ট্রিঅল বাংলাদেশ কাউন্সিল (আইবিসি) এর যৌথ উদ্যোগে। ডব্লিউআরসির লক্ষ্য বাংলাদেশের তৈরি পোশাক শিল্পখাতে (আরএমজি) যে ট্রেড ইউনিয়নগুলো কাজ করছে তাদের সক্ষমতা বৃদ্ধি যাতে তারা আরো কার্যকরভাবে তাদের কার্যক্রম পরিচালনা করতে পারে এবং ইউনিয়ন সদস্যদের উন্নত সেবা প্রদান করতে পারে।

বিগত কয়েক দশকে বাংলাদেশের তৈরি পোশাক শিল্পখাত দ্রুত বিকশিত হয়েছে এবং বর্তমানে এই সেক্টরে আনুমানিক ৪০ লক্ষ শ্রমিক কাজ করছে। তবে এই প্রবৃদ্ধির সাথে তাল মিলিয়ে কর্মপরিবেশ এবং শ্রম অধিকারের অনুরূপ উন্নতি হয়নি।

এই চ্যালেঞ্জ মোকাবেলায় ভূমিকা রাখতে ট্রেড ইউনিয়নগুলোকে শক্তিশালী, স্বাধীন, গণতান্ত্রিক, কার্যকর এবং পেশাদার হতে হবে। এই ধরনের ইউনিয়ন শ্রমিকদের সংগঠিত হতে, যৌথ দরকষাকষিতে এবং শ্রম বিরোধ সমাধানে ভালো সহায়তা দিতে পারবে। এর ফলে কর্মপরিবেশ এবং কর্মক্ষেত্রের নিরাপত্তা বৃদ্ধি হবে এবং ব্যবসায় উৎপাদনশীলতা ও স্থিতিশীলতা বজায় থাকবে।

### ডব্লিউআরসি প্রদত্ত সেবাসমূহ

ডব্লিউআরসি শ্রমিক অধিকার, বিরোধ মীমাংসা, অভিযোগ ও অনুযোগ নিষ্পত্তি, দরকষাকষি, যৌথ দরকষাকষি চুক্তিনামা সম্পাদন এবং এ সকল বিষয়ে প্রচার, সচেতনতা তৈরি ও সক্ষমতা বৃদ্ধি সহ বিভিন্ন সেবা প্রদান করবে।

#### আইনি পরামর্শ

শ্রম সংক্রান্ত অভিযোগ এবং শ্রম বিরোধ নিষ্পত্তিতে সহায়তার জন্য ডব্লিউআরসির একটি প্যারালিগাল টিম ট্রেড ইউনিয়ন এবং ফেডারেশনগুলোকে আইনি পরামর্শ প্রদান করবে।

#### বিশেষজ্ঞ পরামর্শ

ডব্লিউআরসি ট্রেড ইউনিয়ন গঠন ও পরিচালনা, দরকষাকষি ও যৌথ দরকষাকষি চুক্তিনামা সম্পাদন, অভিযোগ বা বিরোধ নিষ্পত্তি এবং পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্য বিষয়ে বিশেষজ্ঞ পরামর্শ দিয়ে থাকবে।

## কল সেন্টার/গ্রাহক সেবা

ডব্লিউআরসি পরিচালিত কল সেন্টারে ফোন করে ট্রেড ইউনিয়ন সদস্যরা কর্মপরিবেশ সম্পর্কিত বিষয় যেমন মজুরি ও ছুটি, এছাড়াও অসৎ শ্রম আচরণ এবং ছাঁটাই এর মতো সমস্যা সম্পর্কে অভিযোগ করতে পারবেন।

## প্রশিক্ষণ এবং প্রসার

ট্রেড ইউনিয়ন এবং ফেডারেশনগুলোর পেশাদারিত্ব বৃদ্ধির জন্য ডব্লিউআরসি ইউনিয়ন সদস্য এবং শ্রমিকদের প্রশিক্ষণ প্রদান করবে। বাংলাদেশ শ্রম আইন, ইউনিয়ন গঠন ও পরিচালনা, যৌথ দরকষাকষি এবং অভিযোগ নিষ্পত্তি সম্পর্কিত বিষয়গুলোর উপর কারখানা পর্যায়ে শ্রমিক ও সম্ভাব্য সংগঠকদের প্রশিক্ষণের জন্য ডব্লিউআরসি মাস্টার ট্রেইনার বা দক্ষ প্রশিক্ষক নিয়োগ দিবে। ডব্লিউআরসি ইউনিয়ন সদস্যদের তথ্য সম্বলিত একটি সমন্বিত ডাটাবেসও তৈরি করবে।

## নারী নেতৃত্বের প্রতি সমর্থন

ট্রেড ইউনিয়নে নারীদের সক্রিয় অংশগ্রহণকে সমর্থন করা এবং শ্রম সম্পর্ক, সাংগঠনিক দক্ষতা ও পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্য বিষয়ে তাদের দক্ষতা বৃদ্ধি করা ডব্লিউআরসির একটি লক্ষ্য।

## গবেষণা

ডব্লিউআরসি ট্রেড ইউনিয়ন গঠন, যৌথ দরকষাকষি এবং শ্রম বিরোধ সংক্রান্ত গুরুত্বপূর্ণ বিষয়গুলোর উপর গবেষণা পরিচালনা করবে।

## টঙ্গীতে ডব্লিউআরসি

ডব্লিউআরসি অফিসটি টঙ্গীতে অবস্থিত। শ্রমিকদের এবং ট্রেড ইউনিয়নের জন্য প্রশিক্ষণ, সভা এবং সম্মেলন ডব্লিউআরসি প্রাঙ্গনে আয়োজন করা যাবে।

### ডব্লিউআরসির ঠিকানা :

১তলা, সেনা কল্যান বাণিজ্যিক কমপ্লেক্স, প্লট # ৯ , ব্লক # এফ, পোস্ট অফিস-টঙ্গী

ফোন:

ইমেইল: [workers.resource.centre@gmail.com](mailto:workers.resource.centre@gmail.com)

ডব্লিউআরসি আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও)-এর "বাংলাদেশের তৈরি পোশাক শিল্পে সামাজিক যোগাযোগ এবং সুসম শিল্প সম্পর্ক" প্রকল্পের সহায়তায় প্রতিষ্ঠিত হয়েছে। প্রকল্পটির অর্থায়ন করছে সুইডেন এবং ডেনমার্ক সরকার।